

ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসারের কার্যালয়

বগুড়া সেনানিবাস, বগুড়া।

নং-২৩.২২.০০০০.৭০৬.০১৩.০৩.০০০১.২৫-২০৮

তারিখঃ ১৭ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
০২ মার্চ ২০২৬ খ্রিষ্টাব্দ

হযরত শাহ সুলতান (রহঃ) ক্যান্টনমেন্ট বোর্ড মার্কেট এর দোকান/স্পেস ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বগুড়া সেনানিবাস এর হযরত শাহ সুলতান (রহঃ) ক্যান্টনমেন্ট বোর্ড মার্কেটের ফাকা মাঠে ৪ (চার) তলা ভিত্তিসহ ১২০ বর্গফুট মোটঃ ৩০ (ত্রিশ) টি দোকান/স্পেস ইজারা প্রদান করা হইবেঃ

ক্র নং	তলা	দোকান নম্বর	দোকান সংখ্যা	দোকানের সাইজ ও সর্বনিম্ন দর
০১	নীচতলা	১০১, ১০২, ১০৩, ১০৪, ১০৫, ১০৬, ১০৭, ১০৮, ১০৯, ১১০, ১১১, ১১২, ১১৩, ১১৪, ১১৫, ১১৬, ১১৭, ১১৮, ১১৯, ১২০, ১২১, ১২২, ১২৩, ১২৪, ১২৫, ১২৬, ১২৭, ১২৮, ১২৯, ১৩০	২৮ টি	দোকানের সর্বনিম্ন দর ও সাইজ ক্রিশিয়ার থেকে পাওয়া যাবে।

০২। দোকান/স্পেস সমূহের বিস্তারিত বিবরণ ও দর দাখিলের নিয়মাবলী সম্বলিত সিডিউল ফরম নগদ ২০০০/- (দুই হাজার) টাকার (অফেরতযোগ্য) বিনিময়ে ক্যান্টনমেন্ট বোর্ড রাজস্ব শাখা হতে ক্রয় করা যাবে। ক্যান্টনমেন্ট বোর্ড ও প্রকল্প অফিসে সংরক্ষিত বাস্তব নির্ধারিত তারিখে বেলা ১২.০০ ঘটিকার মধ্যে দর দাখিল করতে হবে এবং একই দিনে বেলা ১২.৩০ ঘটিকায় ক্যান্টনমেন্ট বোর্ড অফিসে দরপত্র বাস্তব খোলা হবে। ক্যান্টনমেন্ট বোর্ড প্রাজায় দোকান/স্পেস ইজারা গ্রহণে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে নিম্ন বর্ণিত শর্তসমূহ ও সময়সূচী অনুযায়ী মুখবন্ধ খামে নির্ধারিত ফরমে দরপত্র আহ্বান করা যাচ্ছেঃ

দরপত্র আহ্বানে পর্যায়ে	দরপত্র দাখিলের শেষ তারিখ	দরপত্র খোলার তারিখ
১ম	১৫/০৩/২০২৬ খ্রিঃ	১৫/০৩/২০২৬ খ্রিঃ
২য়	২০/০৪/২০২৬ খ্রিঃ	২০/০৪/২০২৬ খ্রিঃ
৩য়	১০/০৫/২০২৬ খ্রিঃ	১০/০৫/২০২৬ খ্রিঃ

- সিডিউল ফরম অফিস চলাকালীন সময়ে বগুড়া ক্যান্টনমেন্ট বোর্ড অফিস, রাজস্ব শাখা হতে সংগ্রহ করা যাবে। এক নামে একাধিক দোকানের জন্য সিডিউল ফরম ক্রয় করা যাবে। তবে যে নামে সিডিউল ফরম ক্রয় করা হবে সেই নামেই দাখিল করতে হবে। উল্লেখিত তারিখ ও সময়ের মধ্যে নির্ধারিত দরপত্র বাস্তব দরপত্র দাখিল করতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ে বগুড়া ক্যান্টনমেন্ট বোর্ডে দরদাতাগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাস্তব খোলা হবে। কোন কারণবশত নির্ধারিত দিনে সরকারী অফিস বন্ধ / ছুটি থাকিলে পরবর্তী কার্যদিবসে দরপত্র খোলার তারিখ ধার্য বলে গণ্য হবে।
- দরপত্রের সাথে আর্নেস্টম্যানি হিসেবে ১,০০,০০০.০০ (এক লক্ষ) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট যে কোন সিডিউল ব্যাংক হতে "ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, বগুড়া সেনানিবাস" এর অনুকূলে সংযুক্ত করতে হবে।
- দোকান/স্পেস ইজারা প্রাপ্তির জন্য দাখিলকৃত দর প্রচলিত বিধি-বিধানের আলোকে নিষ্পত্তি করা হবে। উনুক্ত দরের মাধ্যমে সর্বোচ্চ দরদাতাকে ইজারা প্রদান করা হবে।
- দরপত্রের সাথে সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত), নাগরিকত্ব সনদ (সংশ্লিষ্ট চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত) সংযুক্ত করতে হবে। দরপত্রে খামের উপর তলা ও দোকান নম্বর উল্লেখ করতে হবে। উল্লেখিত কাগজপত্র ও জামানতের আর্নেস্টম্যানি হিসেবে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট ব্যতীত কোন দরপত্র গ্রহণযোগ্য হবে না।
- জামানতের আর্নেস্টম্যানি হিসেবে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট ব্যতীত কোন দরপত্র গ্রহণযোগ্য হবে না।
- দরপত্রে উদ্ধৃত দরের উপর সরকারি বিধি মোতাবেক উৎস কর ও ভ্যাট প্রদান করতে হবে।
- কোন দোকান/স্পেস এর প্রদত্ত দর ১ম পর্যায়ে সন্তোষজনক না হলে ২য় পর্যায়ে ঐ দোকান/স্পেস এর দরপত্র গ্রহণ করা হবে। কোন পর্যায়ে প্রদত্ত দর অনুমোদিত হলে পরবর্তী পর্যায়ে ঐ দোকান/স্পেস এর নম্বর/নাম বাদ যাবে। প্রাথমিক ইজারা গ্রহণের পর থেকে যে কোন সময় ইজারা গ্রহীতা দোকান/স্পেস গ্রহণে অসম্মতি জ্ঞাপন করলে আর্নেস্টম্যানি হিসেবে জমাকৃত অর্থ বাজেয়াপ্ত করা হবে।
- সর্বোচ্চ দরদাতার দর অনুমোদন হওয়া সাপেক্ষে পত্রজারির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে মোট মূল্যের ৫০% অর্থ পে-অর্ডার/ব্যাংক ড্রাফট-এর মাধ্যমে বগুড়া ক্যান্টনমেন্ট বোর্ডে জমা করতে হবে। বার্ষিক জামানত বাজেয়াপ্ত হবে। অবশিষ্ট টাকা সমান ০৩ (তিন) কিস্তিতে ০৬ (ছয়) মাস অন্তর অন্তর নির্ধারিত তারিখের মধ্যে পে অর্ডার/ব্যাংক ড্রাফট-এর মাধ্যমে বগুড়া ক্যান্টনমেন্ট বোর্ডে জমা করতে হবে। তবে উক্ত দোকানের পঞ্জিশন বুকে নেওয়ার পূর্বে প্রাপ্ত অবশিষ্ট টাকা (যদি থাকে) ও সরকার কর্তৃক আরোপিত ভ্যাট ও অন্যান্য কর এককালীন পরিশোধ করতে হবে।
- বিস্তারিত তথ্যাদি ও শর্তাবলী www.cbb.gov.bd ওয়েবসাইট হতে অথবা বগুড়া ক্যান্টনমেন্ট বোর্ড অফিস হতে অফিস চলাকালীন সময়ে জানা যাবে। ক্যান্টনমেন্ট বোর্ড মার্কেটের সর্বশেষ প্রণীত নীতিমালা অনুযায়ী দোকান বরাদ্দ/নবায়ন/ভাড়া ইত্যাদি পরিচালিত হবে।
- কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র আংশিক/সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।



(ফিরোজা পারভীন)
ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার
বগুড়া সেনানিবাস।

সর-১৫৩/২৬ (৭' X৩)